দৈনিক আমাদের সময়

তারিখ 06 OCT 2016
পৃষ্ঠা ২ কলাম ৭

# ডিগ্রি পর্যন্ত শিক্ষক কর্মচারীদের চাকরি জাতীয়করণের দাবি

**নিজস্ব প্রতিবেদক ●**

শিক্ষা জাতির মেরুদণ্ড হলে শিক্ষার মেরুদণ্ড শিক্ষক। বিশ্ব শিক্ষক দিবস পৃথিবীর বিভিন্ন দেশে সরকারিভাবে পালিত হলেও বাংলাদেশে দিবসটি পালিত না হওয়ায় শিক্ষকসমাজ ক্ষুব্ধ। শিক্ষা প্রতিষ্ঠানে চলছে নগ্ন দলীয়করণ। শিক্ষকরা রাজনৈতিক হয়রানি ও নির্যাতনের শিকার হচ্ছেন বলেও অভিযোগ শিক্ষকদের। শিক্ষা প্রতিষ্ঠান বিচ্ছিন্নভাবে জাতীয়করণ না করে ডিগ্রি পর্যন্ত সব বেসরকারি শিক্ষক কর্মচারীর চাকরি জাতীয়করণের জন্য সরকারের প্রতি আহ্বান জানান তারা। গতকাল বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে শিক্ষক কর্মচারী ঐক্যজোটের আলোচনাসভায় বক্তারা এসব কথা বলেন।

সংগঠনের চেয়ারম্যান অধ্যক্ষ মো. সেলিম ভূঁইয়ার সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত মহাসচিব মো. জাকির হোসেন, জোট নেতা অধ্যাপক রকিব উদ্দিন, গোলাম হোসেন সোহেল, অধ্যাপক আবদুল হাকিম, নজরুল ইসলাম, সাহাদাৎ হোসেন, সামসুল হক ফারুক, মহসিন কবির, জসিম উদ্দিন মাহমুদ, আজিজুল হক প্রমুখ।

তারা বলেন, ইউনেস্কো এবং আইএলওর সুপারিশে শিক্ষকদের অধিকার ও মর্যাদার কথা বলা হলেও সরকার এই বিষয়ে উদাসীন। ছাত্র-শিক্ষকদের সরকারদলীয় কর্মসূচিতে অংশগ্রহণের জন্য বাধ্য করা হয়। অথচ সরকারিভাবে বিশ্ব শিক্ষক দিবস উদযাপনের ব্যবস্থা করা হয় না। এ ছাড়া শিক্ষকদের ৫% বেতন, বৈশাখী ভাতা প্রদান না করে সরকার শিক্ষকদের সঙ্গে বিমাতাসুলভ আচরণ করা হচ্ছে বলেও অভিযোগ করেন নেতারা।

এদিকে স্বাধীনতা শিক্ষক পরিষদের উদ্যোগে জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে এক আলোচনাসভার আয়োজন করা হয়। সংগঠনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক অধ্যক্ষ মো. শাহজাহান আলম সাজুর সভাপতিত্বে আলোচনাসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক মন্ত্রী, বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা সম্পাদক ড. হাছান মাহমুদ এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এসএম ওয়াহিদুজ্জামান প্রমুখ।